

বঙ্গবাহা

সেপ্টেম্বর ৩০, ২০১৮

এসসিএলএস ল' অলিম্পিয়াডে ব্র্যাক বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন

সোসাইটি ফর ক্রিটিক্যাল লিগ্যাল স্টাডিজ (এসসিএলএস) আয়োজিত “এসসিএলএস ল' অলিম্পিয়াড: সিজন ২” প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার্সআপ হয়েছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের দুটি দল।

মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে সোচ্চার হও, মানবতার পথে অগ্রসর হও— প্রতিপাদ্য নিয়ে ২৮ ও ২৯ সেপ্টেম্বর চট্টগ্রামের ইস্ট ডেল্টা ইউনিভার্সিটি ক্যাম্পাসে “এসসিএলএস ল' অলিম্পিয়াড”-এর দ্বিতীয় আসর অনুষ্ঠিত হয়। দেশের ১৬টি বিশ্ববিদ্যালয়ের মোট ৩২টি দল এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সুপ্রিম কোর্টের বিচারপতি মোহাম্মদ হাবিবুল গণি। বিশেষ অতিথি ছিলেন ইস্ট ডেল্টা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. সেকান্দার খান।